

🗏 ত্ব-হা | Ta-Ha | 🕹

আয়াতঃ ২০: ২২

া আরবি মূল আয়াত:

وَ اضمُم يَدَكَ اللَّي جَنَاحِكَ تَخرُج بَيضآءَ مِن غَيرِ سُوٓءٍ أَيَمَّ أُخرَى

'আর তোমার হাত তোমার বগলের সাথে মিলাও, তাহলে তা উজ্জ্বল হয়ে বেরিয়ে আসবে কোনরূপ ত্রুটি ছাড়া; আরেকটি নিদর্শনরূপে'। — আল-বায়ান

আর তোমার হাত বগলে দিয়ে টান, তা ক্ষতিকর নয় এমন শুলোজ্জ্বল হয়ে বের হয়ে আসবে- অন্য আরেকটি নিদর্শন হিসেবে। — তাইসিরুল

এবং তুমি হাত বগলে রাখ, ওটি বের হয়ে আসবে নির্মল উজ্জ্বল হয়ে অপর এক নিদর্শন স্বরূপ। — মুজিবুর রহমান

And draw in your hand to your side; it will come out white without disease - another sign, — Sahih International

২২. এবং আপনার হাত আপনার বগলের(১) সাথে মিলিত করুন, তা আরেক নিদর্শনস্বরূপ নির্মল উজ্জ্বল হয়ে বের হবে।

(১) মূলে ব্যবহৃত হয়েছে جِناح শব্দটি। جِناح আসলে জন্তুর পাখাকে বলা হয়। কিন্তু মানুষের ক্ষেত্রে তার বাজু বা পার্শ্বদেশের ক্ষেত্রে ব্যবহৃত হয়। পাখা বা ডানা এজন্য বলা হয়েছে কারণ, এটি তার জন্য ডানার স্থান। [ফাতহুল কাদীর] এটি এখানে উদ্দেশ্য নিজের বাহু অর্থাৎ বগলের নীচে হাত রেখে যখন বের করবে, তখন তা চাঁদের আলোর ন্যায় ঝলমল করতে থাকবে। ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহুমা থেকে এর এরূপ তাফসীরই বর্ণিত আছে। [কুরতুবী; ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

- (২২) এবং তুমি তোমার হাত বগলে রাখো, এটা বের হয়ে আসবে দোষমুক্ত[1] উজ্জ্বল হয়ে অপর এক নিদর্শন স্বরূপ।
 - [1] 'দোষমুক্ত'-এর অর্থ, হাতের এই ভাবে শুভ্র ও উজ্জ্বল হয়ে বের হওয়াটা কোন রোগের কারণে নয়, যেমন কুষ্ঠরোগীদের চামড়া সাদা হয়ে থাকে। বরং এটি দ্বিতীয় মু'জিযা যা আমি তোমাকে দান করেছি। যেমন অন্য এক



জায়গায় এই দুই মু'জিযার কথা একত্রে বর্ণনা করে বলেন,{فَذَانِكَ بُرْهَانَانِ مِن رَبِّكَ إِلَى فِرْعَوْنَ وَمَلَئِهِ} অর্থাৎ, এ দুটি ফিরআউন ও তার পারিষদবর্গের জন্য তোমার প্রতিপালক-প্রদত্ত প্রমাণ। (সূরা কাসাস ৩২)

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2370

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন